মডেল প্রশ্ন-০৮

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় | পূর্ণমান : ১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১। কোনটি মানবাধিকারের লঙ্ঘন?
ক. নিরাপত্তা প্রদান খ. ধর্ম পালনের সুযোগ
গ. সবার সমান অধিকার ঘ. শিক্ষার সুযোগ না দেওয়া

২। আইনের চোখে সব মানুষ কেমন?
ক. অসমান খ. সমান গ. স্বাধীন ঘ. পরাধীন

৩। বশির গ্রামের সহজ সরল লোকদের ঠকিয়ে কাজ দেয়ার নাম করে বাইরে পাচার করে দেয়। বশিরের কাজের সাথে নিম্নের কোন কাজের মিল রয়েছে–
ক. নির্যাতনমূলক কাজ খ. বৈষম্যমূলক কাজ
গ. মানবতাবিরোধী কাজ ঘ. সামাজিক বৈষম্যমূলক কাজ

৪। আমাদের দেশে কত বছর বয়সে নাগরিক ভোট দিতে পারে?
ক. ১৮ খ. ২০ গ. ২২ ঘ. ২৪

৫। আইন ভঙ্গ করলে কী ভোগ করতে হয়?
ক. উপহার খ. সুখ গ. শাস্তি ঘ. আনন্দ

৬। রকিবকে আটকে রেখেছিল কেন?
ক. মুক্তিপণ আদায়ের জন্য খ. আইসক্রীম খাওয়ানোর জন্য
গ. নতুন পোশাক দেওয়ার জন্য ঘ. খেলনা দেওয়ার জন্য

৭। 'অনি'র এবার ১৮ বছর পূর্ণ হলো এবং সে ভোটার তালিকায় নিজের নাম নিবন্ধন করলো। যোগ্য ব্যক্তি নির্বাচনে সে সচেতন। উদ্দীপকের কাজের সাথে মিল রয়েছে–
ক. রাষ্ট্রের প্রতি দায়িত্ব ও কর্তব্যের খ. সমাজের প্রতি দায়িত্ব ও কর্তব্যের
গ. পরিবারের প্রতি দায়িত্ব ও কর্তব্যের ঘ. নিজের প্রতি দায়িত্ব ও কর্তব্যের

৮। কোন শিশু শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ?
ক. এক হাত বিশিষ্ট শিশু খ. এক পা বিশিষ্ট শিশু
গ. লম্বা হাত পা বিশিষ্ট শিশু ঘ. অটিস্টিক শিশু

৯। অটিস্টিক বিষয়ের বিশেষজ্ঞ কীভাবে অটিস্টিক শিশু শনাক্ত করেন?
ক. বাহ্যিক আচরণ দেখে খ. তার প্রতিভা দেখে
গ. কথা বলার ধরন দেখে ঘ. শিশুকে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে

১০। মাইমুনার ছোটবোনের খেলনা জিনিসের প্রতি প্রবল আকর্ষণ এবং সেটি সবসময় সাথে রাখে। মাইমুনার ছোটবোনের মাঝে কোন শিশুর বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়?
ক. সুস্থ সবল শিশুর খ. অসুস্থ শিশুর গ. অটিস্টিক শিশুর ঘ. ছোট শিশুর

১১। কত সালে পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়?
ক. ১৯৪৭ সালে খ. ১৯৪৮ সালে গ. ১৯৪৯ সালে ঘ. ১৯৫০ সালে

১২। কত তারিখে অতর্কিত হামলার মধ্যদিয়ে পাকিস্তানি বাহিনীর হত্যাযজ্ঞ শুরু হয়?
ক. ২১ ফেব্রুয়ারি খ. ২৫ মার্চ গ. ১৫ আগস্ট ঘ. ১৬ ডিসেম্বর

১৩। রাজাকার বাহিনী গঠিত হয় কেন?
ক. মুক্তিযোদ্ধাদের সাহায্য করতে
খ. মুক্তিযুদ্ধ করতে
গ. পাক বাহিনীকে সাহায্য করতে
ঘ. পাক বাহিনীকে প্রতিহত করতে

Teachingbd.com

http://teachingbd.com

১৪। তুমি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করলে কোনটি করতে?
ক. পাক বাহিনীকে সহযোগিতা খ. রাজাকারদের সহযোগিতা
গ. নয় মাস যুদ্ধ ঘ. ভারতে আশ্রয় গ্রহণ

১৫। ছিয়াত্তরের মন্বন্তর বাংলা কত সালে হয়?
ক. ১১৭৬ সালে খ. ১৩৭৬ সালে গ. ১৫৭৬ সালে ঘ. ১৭৭৬ সালে

১৬। কতসালে বঙ্গভঙ্গ রদ করা হয়?
ক. ১৯০৫ সালে খ. ১৯০৭ সালে গ. ১৯১১ সালে ঘ. ১৯১৩ সালে

১৭। বাঁশের কেল্লা সম্পর্কিত বিদ্রোহটিতে তুমি কোন ব্যক্তির সম্পৃক্ততা দেখতে পাও?
ক. দুদু মিয়া খ. হাজী শরিয়তউল্লাহ গ. ক্ষুদিরাম ঘ. তিতুমীর

১৮। মুঘল আমলে সোনারগাঁও প্রসিদ্ধ ছিল কেন?
ক. যুদ্ধক্ষেত্র হিসেবে খ. সাংস্কৃতিক চর্চা কেন্দ্র হিসেবে
গ. ব্যবসা কেন্দ্র হিসেবে ঘ. প্রশাসনিক কেন্দ্র হিসেবে

১৯। কত সালে লালবাগ দুর্গের নির্মাণ কাজ শুরু হয়?
ক. ১৬৫৮ সালে খ. ১৬৬৮ সালে গ. ১৬৭৮ সালে ঘ. ১৬৮৮ সালে

২০। বাংলাদেশে প্রতিবছর কত লক্ষ মেট্রিক টন আলু উৎপন্ন হয়?
ক. ২০ লক্ষ মেট্রিক টন. খ. ৪০ লক্ষ মেট্রিক টন
গ. ৬০ লক্ষ মেট্রিক টন ঘ. ৮০ লক্ষ মেট্রিক টন

২১। তামাক চাষ নিরুৎসাহিত করা হচ্ছে কেন?
ক. লোকসান হয় বলে খ. স্বাস্থ্যের জন্য ক্ষতিকর বলে
গ. পরিবেশের ক্ষতি করে বলে ঘ. ব্যয়বহুল বলে

২২। কর্মমুখী শিক্ষাব্যবস্থার জন্য কোনটির প্রসার প্রয়োজন?
ক.কারিগরি শিক্ষার খ. তত্ত্বগত শিক্ষার গ. প্রাথমিক শিক্ষার ঘ. উচ্চশিক্ষার

২৩। অনেক শিশু বিদ্যালয়ে আসতে চায় না কেন?
ক. শিক্ষকের ভয়ে খ. পড়া না মুখস্থ হওয়ায়
গ. পরীক্ষার ভয়ে ঘ. উপযুক্ত পোশাক না থাকায়

২৪। 'সিডর' কী?
ক. একটি গাছ খ. একটি ফসল গ. একটি মাছ ঘ. একটি ঘূর্ণিঝড়

২৫। কত তারিখে মানবাধিকার ঘোষণাপত্র গৃহীত হয়?
ক. ৫ ডিসেম্বর খ. ৭ ডিসেম্বর গ. ১০ ডিসেম্বর ঘ. ১২ ডিসেম্বর

২৬। লেখাপড়া শিখতে হবে কেন?
ক. মর্যাদা লাভ করতে খ. বৈষম্য দূর করতে
গ. অর্থ উপার্জন করতে ঘ. সম্পদশালী হতে

২৭। আমরা ছোটদের কোনটি করব?
ক. শাসন খ. শোষণ গ. ভালোবাসব ঘ. অবহেলা

২৮। কত দিন পর রকিবকে পুলিশ উদ্ধার করে?
ক. ৮ দিন খ. ১০ দিন গ. ১২ দিন ঘ. ১৪ দিন

২৯। 'অটিস্টিক শিশু' কোনটি করে?
ক. সবার সাথে খেলাধুলা খ. বন্ধুত্ব গ. হইচই ঘ. চোখে চোখে তাকায় না

৩০। সিদ্ধান্ত গ্রহণের সময় কী আসতে পারে?
ক. বাধা খ. নানা মত গ. একমত ঘ. সমস্যা

৩১। বিদ্যালয়ে আমরা কীভাবে কাজ করি?
ক. ব্যক্তিগতভাবে খ. স্বতন্ত্রভাবে গ. দলগতভাবে ঘ. রাজনৈতিকভাবে

৩২। বেগম রোকেয়া বাড়িতে কার কাছে লেখপড়া শিখতে শুরু করে?
ক. ছোট ভাই খ. বড় ভাই গ. শিক্ষক ঘ. দাদা

৩৩। বাংলাদেশে প্রতি ঘণ্টায় কতজন নারী নির্যাতনের শিকার হচ্ছে?
ক. ১ জন খ. ৩ জন গ. ৫ জন ঘ. ৭ জন

৩৪। রাখাইনরা কোন জেলায় বাস করে?
ক. রংপুর খ. বগুড়া গ. বরগুনা ঘ. মাদারীপুর

৩৫। 'ওয়াংলাই' কী?
ক. একটি ভাষা খ. একটি ধর্মমত গ. একটি পোশাক ঘ. একটি উৎসব

৩৬। বিশ্বে এ পর্যন্ত কয়টি বিশ্বযুদ্ধ হয়েছে?
ক. ১টি খ. ২টি গ. ৩টি ঘ. ৪টি

৩৭। জাতিসংঘের সদর দপ্তর কোন শহরে অবস্থিত?
ক. নিউইয়র্ক খ. জেনেভা গ. টোকিও ঘ. দিল্লি

৩৮। নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্র কয়টি?
ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি

৩৯। জাতিসংঘের বর্তমান মহাসচিব বান কি মুন কোন দেশের নাগরিক?
ক. জাপান খ. চীন গ. ভারত ঘ. দক্ষিণ কোরিয়া

৪০। WHO প্রতিষ্ঠা করা হয়েছে কেন?
ক. কৃষি উন্নয়নে খ. শিল্প উন্নয়নে
গ. স্বাস্থ্য উন্নয়নে ঘ. জলবায়ু নিয়ে কাজ করতে

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০
ক. মানুষ হিসেবে সবার ——— বেঁচে থাকার অধিকার আছে।
খ. মানুষের ভালোভাবে বেঁচে থাকার প্রয়োজনীয় অধিকারগুলোকে বলে ——।
গ. সব মানুষের নিজ নিজ ——— পালনের অধিকার আছে।
ঘ. মানবাধিকার মানুষের ভালো ——— বিকশিত করে।
ঙ. মানবাধিকার লঙ্ঘন একটি ——— কাজ।
চ. বাংলাদেশ আমাদের প্রিয় ———।
ছ. পাহাড়পুরের সবচেয়ে গুরুত্বপূর্ণ পুরাকীর্তিটি ——— নামে পরিচিত।
জ. ময়নামতিতে অনেকগুলো সোনা, রুপা ও তামার ——— পাওয়া গেছে।
ঝ. আহসান মঞ্জিল ঢাকার ——— প্রাসাদ ছিল।
ঞ. ওয়ারী ও ——— নরসিংদী জেলার পাশাপাশি দুটি গ্রাম।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১×১০=১০
ক. কাদের নিয়ে মুক্তিবাহিনী গঠিত হয়েছিল?
খ. বাংলায় নবজাগরণের ফলাফল কী ছিল?
গ. সোনারগাঁয়ে কোন আমলের ঐতিহাসিক নিদর্শন রয়েছে?
ঘ. বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের অবদান উল্লেখ কর।
ঙ. বাংলাদেশের প্রধান প্রধান আমদানি ও রপ্তানি দ্রব্যের নাম লিখ।
চ. মানবাধিকার কাকে বলে?
ছ. দুর্ঘটনা এড়ানোর জন্য রাস্তায় কীভাবে চলা উচিত?
জ. অটিস্টিক বন্ধুদের দুইটি বৈশিষ্ট্য উল্লেখ কর?
ঝ. আমরা বাড়িতে কীভাবে গণতন্ত্র চর্চা করতে পারি।
ঞ. নারী নির্যাতনের মূল কারণগুলো কী?

৪। ক ও খ, গ ও ঘ নং প্রশ্নসহ যে কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও : ৫×৮=৪০
ক. লালবাগ দুর্গ তৈরির কাজ অসম্পন্ন থাকার পাঁচটি কারণ লেখ।
খ. সোমপুর বিহারের বর্ণনা দাও।
গ. বাংলাদেশের কৃষিব্যবস্থা সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।
ঘ. বাংলাদেশে মৃৎশিল্পের অবস্থা বর্ণনা কর।
ঙ. মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি বাহিনী কী ধরনের নির্যাতন-তাণ্ডব চালিয়েছিল?
চ. তুমি কি রাস্তায় চলার সময় নিয়মগুলো মেনে চল? না মানলে কী করা উচিত, লেখ
ছ. অতিরিক্ত জনসংখ্যা থাকলে শিক্ষার কী সমস্যা হয়?
জ. ভূমিকম্প মোকাবিলায় কোন কোন বিষয় মনে রাখতে হবে?
ঝ. নারী শিক্ষায় বেগম রোকেয়ার অবদান অল্প কথায় লেখ।
ঞ. ত্রিপুরাদের উৎসবের বর্ণনা দাও।

## উত্তরমালা

১.

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ |
| ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | গ |
| ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ |
| ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | খ |
| ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | গ |

২. (ক) সুস্থ ও সুন্দরভাবে; (খ) মানবাধিকার; (গ) ধর্ম; (ঘ) গুণগুলোকে; (ঙ) ঘৃণ্য; (চ) মাতৃভূমি; (ছ) সোমপুর মহাবিহার; (জ) মুদ্রা; (ঝ) নবাবদের; (ঞ) বটেশ্বর।

http://teachingbd.com